

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় শিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৫৮.২০০৩- ১০৪

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

বিষয় : কুড়িগ্রাম জেলার সদর উপজেলার ০৮ নং পাঁচগাছী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হোসাইন আহম্মেদ এর নামে
ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলার ০৮ নং পাঁচগাছী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হোসাইন আহম্মেদ গত ২০/১০/২০২৪ খ্রি. তারিখে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৩ক লঙ্ঘন করতঃ বহি নং 'এ', বালাম নং ২/২৪-২৫, পৃষ্ঠা নং ৩৩, ক্রমিক নং ১৫১/২৪-তে কনে মোছাঃ পারভীন খাতুনের বাল্যবিবাহ নিবন্ধন করায়; এবং তা একই বিধিমালায় বিধি ১১ অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং তাঁর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ১২/০২/২০০৬ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৫৮/০৩-৭৬৪ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হোসাইন আহম্মেদ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম বা সাব-রেজিস্ট্রার, সদর, কুড়িগ্রামকে অবহিত করা হলো।

স্বাঃ

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক

জেলা রেজিস্ট্রার
কুড়িগ্রাম।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৫৮.২০০৩- ২০৪(৩)

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, কুড়িগ্রাম।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, রংপুর।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, সদর, কুড়িগ্রাম।
১০. অফিসার ইনচার্জ, সদর থানা, কুড়িগ্রাম।
১১. চেয়ারম্যান, ০৮ নং পাঁচগাছী ইউনিয়ন পরিষদ, সদর, কুড়িগ্রাম।
১২. জনাব মোঃ হোসাইন আহম্মেদ (সাবেক নিকাহ রেজিস্ট্রার), পিতা- মোঃ আঃ রশিদ;
গ্রামঃ ছত্রপুর, পাঁচগাছী, উপজেলা-সদর, জেলা- কুড়িগ্রাম।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮